# Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 21 April, 2025

প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী জাহিদুল ইসলাম পারভেজকে প্রকাশ্যে হত্যার সাথে জড়িতদের গ্রেফতার ও তাদের সর্বোচ্চ শাস্তির দাবিতে মানববন্ধন করেছে কুমিল্লা বিশ্ববিদ্যালয় (কুবি) শাখা ছাত্রদল।

সোমবার (২১ এপ্রিল) বিকেল সাড়ে তিনটার দিকে বিশ্ববিদ্যালয়ের মূল ফটকে সংগঠনটির নেতাকর্মীরা মানববন্ধন করে।

এ সময় শাখা ছাত্রদলের আহবায়ক আবদুল্লাহ আল মামুন, সদস্য সচিব মোস্তাফিজুর রহমান শুভসহ অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। এ সময় প্রতিবাদ হিসেবে সংগঠনটির নেতাকর্মীরা কালো ব্যাচ ধারণ করেন।

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সদস্য সচিব মোস্তাফিজুর রহমান শুভ বলেন, 'আজকে আমরা খুবই দুঃখ ও ভারাক্রান্ত হৃদয় নিয়ে এখানে হাজির হয়েছি।আমাদের সহকর্মী পারভেজকে গতকাল হত্যা করা হয়।আমার ভাই পারভেজ সহ বাংলাদেশের সকল হত্যার দাবিতে আজকের মানববন্ধন।পারভেজ হত্যাকারীদের খুব দ্রুত বিচারের আওতায় আনা হোক।যদি এর বিলম্ব হয় তাহলে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সহ বাংলাদেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে আন্দোলন আরও তীব্র হবে।আমরা খুব অল্প সময়ের মধ্যে সনাক্ত করতে পেরেছি যে পারভেজ হত্যার সাথে কারা জড়িত।বৈষম্য বিরোধী আন্দোলনের সাথে যুক্ত হত্যাকারীদের শাস্তি আওতায় আনতে হবে এবং আশা করি বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনও এই হত্যার বিচার চাইবে।

বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের আহ্বায়ক আব্দুল্লাহ আল মামুন বলেন, 'আজকে আমরা এখানে দাঁড়িয়েছি প্রাইম এশিয়া ইউনিভার্সিটির ছাত্রনেতা পারভেজ হত্যার বিচারের দাবিতে।যারা এই হত্যাকান্ডের সাথে জড়িত আছে তারা যেই দলেরই হোক না কেন তাদের বিচার আমরা চাই। আমরা ছাত্রদল দাবি করি এই শিক্ষার্থীদের দ্বারা হত্যাকাণ্ডের সাথে যারা জড়িত ছিল তারা প্রত্যেকেই দেশের শত্রু; জাতির শত্রু এবং দেশকে অস্থিতিশীল করতে পায়তারা করছে।আমরা চাই সুষ্ঠ তদন্তের মাধ্যমে যারা দোষী তাদের আইনের আওতায় এনে উপযুক্ত শাস্তির ব্যবস্থা করা'।

হত্যা মানববন্ধন পারভেজ হত্যা ছাত্রদল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:29

URL: https://www.timestodaybd.com/public/campus/1193775807